


কালের কণ্ঠ

আপডেট : ১১ মার্চ, ২০১৮ ২৩:০৭

অধ্যক্ষের অপসারণ চেয়ে কারমাইকেল কলেজে এবার তালা

 অধ্যক্ষের অপসারণ চেয়ে কারমাইকেল কলেজে এবার তালা

দুর্নীতির অভিযোগ এনে রংপুর কারমাইকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুল লতিফ মিয়র অপসারণের দাবিতে এবার প্রশাসনিক ভবনে তালা ঝুলিয়ে দিয়েছে শিক্ষার্থীরা। গতকাল রবিবার সকাল ১১টার দিকে কলেজের প্রশাসনিক ভবন, অধ্যক্ষের কক্ষসহ সব বিভাগীয় প্রধানের কক্ষে তালা ঝুলিয়ে দেওয়া হয়।

শিক্ষার্থীদের অভিযোগ, অধ্যক্ষের দুর্নীতি আর দুঃশাসনের বিরুদ্ধে তারা এক মাস ধরে আন্দোলন করছে। ইতিমধ্যে এ বিষয়ে গঠিত কমিটি তদন্ত করে অভিযোগের সত্যতা পেলেও অধ্যক্ষের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি, এমনকি ওই কমিটির প্রতিবেদনও জমা দেওয়া হয়নি। এ অবস্থায় এবার অধ্যক্ষের অপসারণ না হওয়া পর্যন্ত প্রশাসনিক কার্যালয়ে তালা ঝুলবে বলে ঘোষণা দিয়েছে শিক্ষার্থীরা।

সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে আন্দোলনরত শিক্ষার্থীদের পক্ষে সালমান আজীম জানান, অধ্যক্ষ আব্দুল লতিফ মিয়র বিরুদ্ধে অন্য শিক্ষকদের সঙ্গে চরম অসৌজন্যমূলক আচরণের অভিযোগ রয়েছে। তা ছাড়া কলেজের লাখ লাখ টাকা আত্মসাৎসহ তাঁর বিভিন্ন অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে শিক্ষকরা যেমন আন্দোলন করছেন, তেমনি শিক্ষার্থীরাও আন্দোলনে নেমেছে। কারমাইকেল কলেজ শিক্ষক পরিষদের সাধারণ সম্পাদক অধ্যাপক আখতারুজ্জামান জানান, একই দাবিতে শিক্ষকরা গত শনিবার মানববন্ধন করেছেন। তাঁরা ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত ৪৮ ঘণ্টার আলটিমেটাম দিয়েছেন। এ সময়ের মধ্যে তাঁকে অপসারণ না করা হলে আরো কঠোর কর্মসূচি ঘোষণা করা হবে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com